



বাংলাদেশ দূতাবাস  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রিদ, স্পেন

*Embassy of the People's Republic of Bangladesh  
Embajada de la República Popular de Bangladesh  
Madrid, Spain*



নং-১৯.০১.৩৪০১.২০০.৩৩.০০৫.২১

২১ ফেব্রুয়ারি ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

মাদ্রিদ, ২১ ফেব্রুয়ারি ২০২৩: মাদ্রিদস্থ বাংলাদেশ দূতাবাস ২১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করে। মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রধান কর্মসূচীর মধ্যে ছিল জাতীয় পতাকা অর্ধনমিতকরণ, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। দূতাবাসের সকল সদস্যের উপস্থিতিতে দূতাবাস প্রাঙ্গনে মান্যবর রাষ্ট্রদূত মোহাম্মদ সারওয়ার মাহমুদ, এনডিসি সকালে জাতীয় পতাকা অর্ধনমিতকরণের মধ্য দিয়ে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের কর্মসূচী শুরু করেন। তারপর রাষ্ট্রদূত সকালে দূতাবাসে স্থাপিত অস্থায়ী শহিদ মিনারে পুস্পত্বক অর্পনের মাধ্যমে মহান ভাষা আন্দোলনে আন্তর্দেশীয় ভাষা শহিদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। এদিন সন্মায় দূতাবাস মিলনায়তনে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। পরিত্র কোরআন থেকে তিলওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। এতে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করে শোনানো হয়, একটি প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়, মোনাজাত করা হয় এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে কবিতা আবৃত্তি, দেশাত্মক গান পরিবেশন করা হয়।

আলোচনা সভায় রাষ্ট্রদূত মোহাম্মদ সারওয়ার মাহমুদ, এনডিসি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি মহান ভাষা আন্দোলনে আন্তর্দেশীয় ভাষা শহিদ শিফিক, রফিক, সালাম, বরকত, জব্বার, শফিউল্লাসহ নাম না জানা শহিদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উপলক্ষ্যে স্পেন প্রবাসী বাংলাদেশীসহ বিশ্বের বিভিন্ন ভাষাভাষী জনগণকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি তাঁর বক্তৃতায় বাংলা ভাষা, কৃষ্ণ ও সংস্কৃতি বিকাশে, সর্বস্তরের প্রবাসীদের তাঁদের স্ব-স্ব সন্তানকে উদ্বৃদ্ধ করার জন্য আহ্বান জানান।

তিনি উল্লেখ করেন যে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বাস্তবায়নের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদূর প্রসারী নেতৃত্বে বাংলাদেশ আর্থ-সামাজিক ক্ষেত্রে প্রভৃতি সাধন করেছে। বাংলাদেশ আজ বিশ্বে উল্লয়নের রোল মডেল হিসেবে স্বীকৃত। বাংলাদেশ ইতোমধ্যে উল্লয়নশীল দেশের মর্যাদা অর্জন করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ় নেতৃত্বে বাংলাদেশ ভিশন-২০৪১ এবং ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ বাস্তবায়নে ব্যাপক উল্লয়ন কর্মসূচী গ্রহণ করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ ভিশন-২০২১ সফলভাবে বাস্তবায়ন করেছে এবং টেকসই উল্লয়ন লক্ষ্যমাত্রা-২০৩০ বাস্তবায়নে ব্যাপক উল্লয়ন কর্মসূচী গ্রহণ করেছে। জাতির পিতার স্বপ্নের "সোনার বাংলাদেশ" বিনির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি "স্মার্ট বাংলাদেশ" রূপান্তরের জন্য ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছে এবং তা বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে উদান্ত আহ্বান জানিয়েছেন। তিনি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের চেতনায় উদ্বৃদ্ধ হয়ে সবাইকে দেশ গড়ার কাজে আত্মিন্দিয়ের আহ্বান জানান।

অনুষ্ঠানে দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক দলের প্রতিনিধিবৃন্দ, সাংবাদিক প্রতিনিধিবৃন্দ উপস্থিতি ছিলেন। আলোচনা সভা শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা, মুক্তিযুদ্ধে সকল শহীদের রাহের মাগফিরাত এবং মহান ভাষা আন্দোলনে আন্তর্দেশীয় ভাষা শহিদের রাহের মাগফিরাত এবং দেশ ও জাতির উন্নতি ও সমৃদ্ধি কামনায় মোনাজাত করা হয়। সভা শেষে উপস্থিতি অতিথিবৃন্দকে রাতের খাবারে আপ্যায়ন করা হয়।



-----